৯৩

দৈনিক ইত্তেফাক

তারিখ: 14 MAR 1997
পৃঃ ৭ কলাম ৮

# চৌদ্দগ্রামে গণ-নকল ॥ ৭৫ জন বহিষ্কৃত ॥ পুলিশের গুলীতে নিহত ১

কুমিল্লা সংবাদদাতা ॥ গতকাল চৌদ্দগ্রাম পাইলট হাইস্কুল কেন্দ্রে এসএসসি পরীক্ষা চলাকালে গণ-নকল করার অভিযোগে ৭৪ জন ছাত্রকে বহিষ্কার করা হয়। এই ঘটনার প্রতিবাদে বহিষ্কৃত ছাত্ররা বাহিরে অপেক্ষামাণ ছাত্রদের সংঘবদ্ধ করিয়া চৌদ্দগ্রাম সড়কে অবরোধ সৃষ্টি করে। বিক্ষুব্ধ অবরোধকারীদের

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

## চৌদ্দগ্রামে

( ১ম পৃঃ পর )

দুপুরের দিকে ছত্রভঙ্গ করার জন্য পুলিশ গুলী বর্ষণ করিলে ঘটনাস্থলে শাহ আলম নামে একজন কলেজ ছাত্র নিহত হয়।

বিক্ষুব্ধ ছাত্ররা সন্ধ্যা পর্যন্ত সড়ক অবরোধ করিয়া রাখে। তবে কাহাকেও গ্রেফতারের খবর পাওয়া যায় নাই।